দৈনিক বাংলা

তারিখ 09 SEP 1990
পৃষ্ঠা ... ৯ ... কলাম ... ৫

25

# ৫টি ভার্সিটি কলেজ স্নাতকোত্তর ডিগ্রী দিতে পারবে

বর্তমান বিশ্ববিদ্যালয়গুলোর উপর থেকে চাপ কমিয়ে আনা এবং স্নাতকোত্তর অধ্যয়নের পরিধি বাড়ানোর লক্ষ্যে ৪টি বিভাগের ৫টি বিশ্ববিদ্যালয় কলেজ অদূর ভবিষ্যতে যেন স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী প্রদানে সক্ষম হয় সে জন্য উল্লিখিত কলেজগুলোর মান উন্নয়ন ও ক্ষমতা বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

(শেষ পৃষ্ঠা এর ৩য় কঃ)

## ৫টি ভার্সিটি কলেজ

সমাজের সকল মহলের যৌথ প্রচেষ্টায় বিশ্ববিদ্যালয়সমূহে শিক্ষার পরিবেশ পর্যায়ক্রমে উন্নত হচ্ছে এবং এটা সুস্থতার লক্ষণ বলে তিনি জানান।

তিনি তাঁর আস্থা ব্যক্ত করে বলেন, শিক্ষার পরিবেশ আরও উন্নত হবে এবং এ ক্ষেত্রে শিক্ষকদের অবদানের জন্য তিনি তাঁদের ধন্যবাদ জানান।

প্রেসিডেন্টের প্রাথমিক শিক্ষাবিষয়ক উপদেষ্টা আলহাজ মনসুর আলী সরকার, প্রেসিডেন্টের মুখ্য সচিব এ এইচ সিদ্দিকী, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আলী আহসান, শিক্ষা সচিব এ এন এম ইউসুফ, মঞ্জুরী কমিশনের সদস্য অধ্যাপক শামসুল হক। ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহীর বিশ্ববিদ্যালয়সমূহের ভাইস চ্যান্সেলর, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর, ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয় ও ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর বৈঠকে উপস্থিত ছিলেন।